দৈনিক বাংলা 22

তারিখ 18 JAN 1996

পৃষ্ঠা ৮ কলাম ৪

# বেসরকারী ইঞ্জিনীয়ারিং ভার্সিটি ঃ ছাত্রছাত্রীদের অনিশ্চিত ভবিষ্যৎ

**স্টাফ রিপোর্টার ঃ** ইঞ্জিনীয়ারিং পড়ানোর মত যথেষ্ট সুযোগ-সুবিধা ও শিক্ষক না থাকা সত্ত্বেও উক্ত বিষয়ে ছাত্রছাত্রী ভর্তি করে দেশের অন্যতম বেসরকারী বিশ্ববিদ্যালয় ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এ্যান্ড টেকনোলজী (আইইউবিএটি) ছাত্রছাত্রীদের এক অনিশ্চিত ভবিষ্যতের দিকে ঠেলে দিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

উক্ত বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী এবং অভিভাবকরা অভিযোগ করেছেন যে ভর্তির নির্দেশিকা ও বুলেটিনে আকর্ষণীয় সুযোগ-সুবিধা ও বিদেশী বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ প্রদানের প্রতিশ্রুতি দিয়ে এসব ছাত্রছাত্রীদের ভর্তি করা হয়। অথচ বর্তমানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন প্রতিশ্রুতিই রক্ষা করছে না। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ১টি বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রী, ৮টি বিষয়ে ব্যাচেলর ডিগ্রী ও ২টি বিষয়ে ডিপ্লোমা কোর্স চালু রয়েছে। এসব কোর্সে মোট প্রায় দেড়শ' ছাত্রছাত্রী অধ্যয়ন করছে।

পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রী কোর্স হচ্ছে এমবিএ. এবং ব্যাচেলর ডিগ্রী কোর্সগুলি হচ্ছে ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন (বিবিএ), ব্যাচেলর অব কম্পিউটার সায়েন্স (বিসিএস), ব্যাচেলর অব সিভিল ইঞ্জিনীয়ারিং (বিএসসিই), ব্যাচেলর অব ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং (বিএসইই), ব্যাচেলর অব মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং (বিএসএমই), ব্যাচেলর অব ইঞ্জিনীয়ারিং (বিএসই), ব্যাচেলর অব ইকোনমিকস (বিএ ইকন) এবং ব্যাচেলর অব এগ্রিকালচার (বিএস এগ্রি)।

রাজধানীর ধানমন্ডি এলাকার একটি ভাড়া করা বাড়িতে ১৯৯১ সাল থেকে এই বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হয়। বেসরকারী বিশ্ববিদ্যালয় আইনের আওতায় প্রতিষ্ঠিত আইইউবিএটি এই বিশ্ববিদ্যালয় সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়। এছাড়া বিভিন্ন বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথেও এই প্রতিষ্ঠানের সহযোগিতা চুক্তি রয়েছে বলে বিশ্ববিদ্যালয়ের প্রসপেক্টাসে দাবী করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে সবচেয়ে বেশী বেকায়দায় পড়েছে ইঞ্জিনীয়ারিং-এর ছাত্রছাত্রীরা।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন ছাত্র অভিযোগ করেছেন, প্রায় দু'বছর ধরে উক্ত বিশ্ববিদ্যালয়ে সিভিল ইঞ্জিনীয়ারিং বিষয়ে পড়াশুনা করলেও এখনও ইঞ্জিনীয়ারিং বিষয়ের কোন কিছুই তাকে পড়ানো হয়নি।

বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশিকায় বলা হয়েছে, এখানে দু' বছর পড়াশুনা করার পর যুক্তরাষ্ট্রে ইন্ডিয়ানা পারডু বিশ্ববিদ্যালয়ে পড়াশুনার সুযোগ দেয়া হবে। কিন্তু উক্ত ছাত্র জানান, তিনি খোঁজ নিয়ে দেখেছেন যে ইন্ডিয়ানা পারডু বিশ্ববিদ্যালয়ে সিভিল ইঞ্জিনীয়ারিং-এর কোন ব্যাচেলর ডিগ্রী কোর্স নেই। এছাড়া অন্যান্য বিদেশী বিশ্ববিদ্যালয়ের সাথে আইইউবিএটি-এর যোগাযোগ সম্পর্কেও উক্ত ছাত্র সংশয় প্রকাশ করেছে।